

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৫৯৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৯৭]

পর্ব-৬: সালাতের সময়সীমা (كتاب المواقيت)

পরিচ্ছেদঃ ৪৫: যে ওয়াক্তে মুসাফির মাগরিব ও ইশার সালাত এক সাথে আদায় করতে পারে

الوقت الذي يجمع فيه المسافر بين المغرب والعشاء

আরবী

أَخْبَرَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا الْعَطَّافُ، عَنْ نَافِعٍ، قال: أَقْبَلْنَا مَعَ ابْنِ عُمَرَ مِنْ مَكَّةَ، فَلَمَّا كَانَ تِلْكَ اللَّيْلَةُ سَارَ بِنَا حَتَّى أَمْسَيْنَا فَظَنَنَّا أَنَّهُ نَسِيَ الصَّلَاةَ، فَقُلْنَا لَهُ: الصَّلَاةَ، فَلَانَا لَهُ: الصَّلَاةَ، فَسَكَتَ وَسَارَ حَتَّى كَادَ الشَّفَقُ أَنْ يَغِيبَ، ثُمَّ نَزَلَ فَصِلَّى، وَغَابَ الشَّفَقُ فَصِلَّى الْعِشَاءَ، ثُمَّ أَقْبَلَ عَلَيْنَا، فَقَالَ: هَكَذَا كُنَّا نَصِنْعُ مَعَ رَسُولِ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا جَدَّ بِهِ السَّيْدُ.

تخريج دارالدعوه: تفرد بم النسائي، (تحفة الأشراف: ٨٢٣١) (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 597 _ صحيح

বাংলা

ক্ষেড. কুতায়বাহ্ ইবনু সাঈদ (রহ.) নাফি (রহ.) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা ইবনু 'উমার (রাঃ)-এর সাথে মক্কাহ্ হতে আসছিলাম। যখন ঐ রাত হল (তাঁর স্ত্রীর মুমূর্ষতার সংবাদ পাওয়ার রাত)। আমাদেরকে নিয়ে তাড়াতাড়ি চললেন। যখন সন্ধ্যা হলো, আমরা ধারণা করলাম, তিনি সালাতের কথা ভুলে গেছেন, এজন্যে আমরা তাকে বললাম, সালাত আদায় করে নিন। তিনি চুপ করে রইলেন এবং আরো সামনে অগ্রসর হলেন। তারপর আকাশের লালিমা অদৃশ্য হওয়ার উপক্রম হলে সওয়ারি হতে নেমে মাগরিবের সালাত আদায় করলেন। আবার যখন লালিমা দূর হয়ে গেল তখন তিনি 'ইশার সালাত আদায় করলেন। তারপর আমাদেরকে লক্ষ্য করে বললেন, যখন সফরে কোন তাড়া থাকত তখন রাসূলুল্লাহ (সা.) -এর সাথে আমরা এরূপ করতাম।

English



45. The Time When A Traveler May Combine Maghrib and Isha'

It was narrated that Nafi' said: We came back with Ibn 'Umar from Makkah. One night he kept on travelling until evening came, and we thought that he had forgotten the prayer!' But he kept quiet and kept going until the twilight had almost disappeared, then he stopped and prayed, and when the twilight disappeared he prayed 'Isha'. Then he turned to us and said: This is what we used to do with the Messenger of Allah () if he was in a hurry to travel.'

ফুটনোট

সহীহ: ইমাম নাসায়ী এককভাবে বর্ণনা করেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন